# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**বিষয় : গার্হস্থ্য বিজ্ঞান : প্রথম পত্র (সৃজনশীল)** **বিষয় কোড :** | ২ | ৭ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট | পূর্ণমান — ৫০

**[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]**

## ক - বিভাগ (গৃহব্যবস্থাপনা ও গৃহায়ন)

১.► আজিজ সাহেব একটি কোম্পানিতে চাকরি করেন। কোম্পানির লক্ষ্য অর্জনের ক্ষেত্রে তিনি বিভিন্ন কার্যপদ্ধতি অবলম্বন করেন। তিনি কিভাবে কাজটি করবেন পূর্বেই সে সম্পর্কে একটি নকশা তৈরি করেন। তার এ ধরনের কর্মকান্ডে কোম্পানির মালিক তার প্রশংসা করেন।

ক. গৃহ ব্যবস্থাপনার ধাপগুলোর নাম লেখ। ১

খ. পরিকল্পনার ধারণা দাও। ২

গ. আজিজ সাহেবের কর্মপন্থায় গৃহ ব্যবস্থাপনায় গৃহ ব্যবস্থাপনার কোন পর্যায়টি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে আজিজ সাহেবের গৃহ ব্যবস্থাপনার ধাপটি অনুসরণে কী কী সুবিধা পাবেন? বিশ্লেষণ কর। ৪

২.► প্রাণকুমার একজন গার্মেন্টস ব্যবসায়ী। তিনি তার কাজের সময় ও শক্তি সঞ্চয়ের জন্য ব্যবস্থা গ্রহণ করেন। তিনি কম সময়ের অধিক কাজ করার জন্য কাজের তালিকা প্রস্তুত করেন। তিনি ধারাবাহিকভাবে সময় তালিকা অনুযায়ী কাজ করেন। তিনি কাজ সম্পর্কে ধারণা নিয়ে শ্রমিকদের ব্যক্তিগত পছন্দ ও কাজের দক্ষতা অনুযায়ী কাজ বন্টন করেন।

ক. সময় তালিকা কাকে বলে? ১

Teachingbd24.com

খ. শারীরিক ক্লান্তি কিভাবে দূর করা যায়? ২

গ. প্রাণ কুমারের কাজে উদ্দীপকে উল্লিখিত কোন গৃহ ব্যবস্থাপনার প্রতিফলন দেখা যায়? শনাক্ত কর। ৩

ঘ. উদ্দীপকে প্রাণ কুমারের কাজে কোন কোন বিষয় প্রভাব বিস্তার করে ব্যাখ্যা কর। ৪

৩. ▶ কনীবাবু অনেক খোঁজখবর করে পরিবার নিয়ে থাকার জন্য একটি ফ্ল্যাট ক্রয় করলেন। ফ্ল্যাটটিতে উঠার পর তিনি দেখতে পেলেন সব রুমে পর্যাপ্ত আলো-বাতাস চলাচল করে না এবং পানীয়জলের সরবরাহ কম। তার সহকর্মী তাকে বললেন, ফ্ল্যাটটি ক্রয়ের পূর্বে তার কিছু সতর্কতা অবলম্বন করা উচিত ছিল।

ক. গৃহ মানুষের কোন চাহিদাগুলো পূরণ করে? ১

খ. আবাসস্থান ব্যবস্থাপনা কী? ২

গ. কনীবাবু কোন বিষয়গুলোর দিকে লক্ষ রেখে আবাসস্থল নির্বাচন করলেন বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে কনীবাবুকে তার সহকর্মী যে ক্ষেত্রে সতর্ক হওয়ার পরামর্শ দিলেন সে ব্যাপারে বিশ্লেষণ কর। ৪

৪. ▶ খলিল অন্যের জমিতে ধান চাষ করে যেটুকু আয় করে তা দিয়ে তাদের সংসার কোনো রকমভাবে চলে। এ অবস্থা থেকে পরিত্রাণের আশায় খলিলের স্ত্রী তাদের একটুকরা ভিটেমাটির একপাশে মৌসুমী শাকসবজি এবং একপাশে হাঁস-মুরগি পালন করে। যা দিয়ে তাদের দৈনিক চাহিদা পূরণ হয় এবং অতিরিক্ত উৎপন্ন দ্রব্য বাজারে বিক্রি করে। বর্তমানে খলিলের পরিবার মোটামুটি সচ্ছল।

ক. গৃহ প্রাঙ্গণ কী? ১

খ. গৃহ প্রাঙ্গণের ব্যবহারিক উপকারিতাগুলো কী কী? ২

Teachingbd24.com
https://teachingbd24.com

গ. খলিলের স্ত্রীর গৃহপ্রাঙ্গণের সদ্ব্যবহার তার পরিবারের সচ্ছলতা এনেছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. গৃহ প্রাঙ্গণের সঠিক ব্যবহার সম্পর্কে তোমার মতামত ব্যক্ত কর। ৪

## খ বিভাগ (বস্ত্র ও বয়ন শিল্প)

৫. ▶ ফরহাদ সাহেবের আদুরে মেয়ে লিজার বিয়ের প্রস্তুতি চলছে। বিয়ের জন্য তার মামা তাকে ঢাকার একটি ঐতিহ্যবাহী শাড়ি উপহার দিয়ে বলে, শাড়িটি ঢাকার জন্মের আগে থেকেই এদেশে প্রচলিত আছে আর এটি মসলিনের উত্তরসূরি নামেও পরিচিত। কথাটি শুনে লিজার অনেক ভালো লাগে।

ক. সিল্ককে কী বলা হয়? ১


খ. খদ্দর কাপড়ের প্রচলন হয় কিভাবে? ২

গ. লিজার উপহার হিসেবে পাওয়া শাড়িটির বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩


ঘ. উদ্দীপকে উল্লিখিত মামার উক্তির আলোকে শাড়িটির ইতিহাস আলোচনা কর। ৪

৬. ▶

অনুচ্ছেদ : ১ :




অনুচ্ছেদ : ২ :




https://teachingbd24.com


ক. মরডান্ট কী? ১

খ. রং ও ছাপা বলতে কী বুঝ? ২

গ. অনুচ্ছেদ-২ এর পদ্ধতিদ্বয়ের মধ্যে পার্থক্য দেখাও। ৩

ঘ. অনুচ্ছেদ-১ এর প্রশ্নবোধক চিহ্নিত বস্ত্রের শ্রেণিবিন্যাস বিস্তারিত আলোচনা কর। ৪

৭. ▶




ক. টেইলারিং কী? ১

খ. প্রাচীনকালে কিভাবে সেলাই করা হতো? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ? চিহ্ন দ্বারা নির্দেশিত বিষয়টি ব্যাখ্যা কর। ৩

ঘ. মূল ড্রাফটকে কি সমতল নমুনার ড্রাফট বলা যায়? বিশ্লেষণ কর। ৪

৮. ▶ রেখা তাড়াহুড়া করে সকালের নাশতা করতে গিয়ে হঠাৎ চা পড়ে জামায় দাগ লেগে যায়। তার মা বললেন, এ দাগ তোলা সহজ হবে। তিনি আরও বললেন, কাপড় থেকে বিভিন্ন রকম দাগ দূর করার কিছু সাধারণ নিয়ম আছে, যা সকলের জন্য প্রয়োজন।

ক. উৎস অনুসারে দাগ কত প্রকার? ১

খ. দাগ অপসারণে স্পঞ্জ বলতে কী বোঝ? ২

গ. রেখার জামা থেকে দাগ অপসারণের উপায় বর্ণনা কর। ৩

ঘ. রেখার মায়ের বক্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা


পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: সৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. চাহিদা পরিতৃপ্তি কোনটি?
ক) মান খ) পরিকল্পনা
গ) লক্ষ্য অর্জন ঘ) মূল্যবোধ

২. গৃহ ব্যবস্থাপনার প্রথম স্তর কোনটি?
ক) নিয়ন্ত্রণ খ) পরিকল্পনা
গ) সংগঠন ঘ) মূল্যায়ন

৩. সামাজিক ও ধর্মীয় রীতিনীতির আঙ্গিকে কোন মান গড়ে ওঠে?
ক) প্রচলিত খ) পরিমাণগত
গ) গুণগত ঘ) নমনীয়




৪. '?' চিহ্নিত স্থানে কোনটি প্রযোজ্য?
ক) প্রত্যক্ষ আয় খ) প্রকৃত আয়
গ) পরোক্ষ আয় ঘ) পারিবারিক আয়

৫. কাজের ক্ষেত্রে কোন দুটি সম্পদ পরস্পর সম্পর্কযুক্ত?
ক) সময় ও শক্তি
খ) সময় ও অর্থ
গ) সময় ও সুযোগ
ঘ) শক্তি ও সুযোগ

নিচের অনুচ্ছেদটি পড়ো ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:

সুমনা একজন গৃহিণী। সকাল থেকে দুপুর পর্যন্ত একটানা ভারি কাজ করে তিনি হাঁপিয়ে ওঠেন। মাঝে মাঝে অসুস্থ হয়ে পড়েন।

৬. সুমনা কীভাবে কাজ করলে হাঁপিয়ে উঠবেন না?
ক) হালকা কাজগুলো আগে করলে
খ) ভারি কাজগুলো আগে করলে
গ) হালকা কাজের পর ভারি কাজ করলে
ঘ) ভারি কাজের পর হালকা কাজ করলে

৭. সুমনার কাজের ক্ষেত্রে কোনটির অভাব পরিলক্ষিত হয়?
i. পরিকল্পনা
ii. দক্ষতা
iii. সময় তালিকা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. মানসিক ক্লান্তির কেন্দ্রস্থল কী?
ক) মাংসপেশি
খ) মেরুদণ্ড
গ) স্নায়ুতন্ত্র
ঘ) বিভিন্ন গ্রন্থি

৯. মানুষ সঞ্চয় করে কেন?
ক) সীমিত আয়ের জন্য
খ) সীমিত ব্যয়ের জন্য
গ) কৃপণতার জন্য
ঘ) ভবিষ্যতে ভোগের জন্য

১০. প্লাস্টিক পেইন্টে পানি মেশালে তাকে কী বলে?
ক) সলিউশন খ) বার্নিশ
গ) প্লাস্টিক ইমালশন ঘ) রাবার পেইন্ট

১১. আসবাবের স্থায়িত্ব নির্ভর করার ক্ষেত্রে যে উক্তিটি গ্রহণযোগ্য—
i. আসবাবপত্রের যত্ন
ii. রক্ষণাবেক্ষণ
iii. সৌন্দর্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. মন্টু বিদেশে থাকে। পাঁচ বছর পর দেশে ফিরে দেখে তাদের গ্রামের নদীটি একটি কলামধন্য কারখানা থেকে নির্গত বর্জ্য দ্বারা দূষিত হয়ে পড়ছে। এক্ষেত্রে যে ধরনের সমস্যা সৃষ্টি হতে পারে —
ক) শব্দ দূষণ খ) পানি দূষণ
গ) মাটি দূষণ ঘ) বায়ু দূষণ

Teachingbd24.com

১৩. ভূমিকম্পের ফলে সমুদ্রের পানি ফুলে উঠাকে কী বলে?

ক) টর্নেডো　　খ) ঘূর্ণিঝড়
গ) সুনামি　　ঘ) জলোচ্ছ্বাস

১৪. বেনারসি শাড়ির নকশা প্রথম আঁকা হয় —

i. সমতল কাগজে
ii. ঘর কাটা কাগজে
iii. গ্রাফ কাগজে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ো ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:

লুম্বিনী আসামের পাশদেশে অবস্থিত মণিপুর রাজ্যের লোক। তারা সুনামগঞ্জে বাস করে। এদের মধ্যে দুটি ভাষা প্রচলিত। ১. বিষ্ণুপ্রিয়া ভাষা ২. মৈতে ভাষা।

১৫. উদ্দীপকে কোন নৃগোষ্ঠির উল্লেখ আছে?

ক) মণিপুরি
খ) রাখাইন
গ) চাকমা
ঘ) মারমা

১৬. উক্ত নৃগোষ্ঠীর মেয়েদের পোশাকের ক্ষেত্রে উল্লেখযোগ্য —

i. আম্বিও
ii. শাফিং
iii. নাগ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

১৭. সমাজে ফ্যাশনের আবির্ভাব কীভাবে হয়?

ক) খুব ধীরে　　খ) খুব সহজে
গ) খুব সময় নিয়ে　　ঘ) খুব দ্রুত

১৮. নিত্য নতুন তত্ত্ব ও বয়নের আবির্ভাব হওয়ার যথার্থ কারণ কোনটি?

ক) পোশাকের আধিক্য
খ) মানুষ ফ্যাশন সচেতন হওয়া
গ) বস্ত্র শিল্পের উন্নয়ন　　ঘ) কর্মক্ষেত্রের বিস্তৃতি

১৯. বেশি গতিশীল ও বৈচিত্র্য আনে কোন রেখা?

ক) কোনাকুনি রেখা　　খ) তির্যক রেখা
গ) বক্ররেখা　　ঘ) ত্রিপলাগ রেখা

২০. কোন রং মনে প্রশান্তি আনে?

ক) নীল　　খ) হলুদ
গ) সবুজ　　ঘ) লাল

২১. নুপুর মূল নকশার সাথে পছন্দমতো ডিজাইন করে এবং প্রয়োজনে রদবদল করে চূড়ান্ত নমুনা প্রস্তুত করে। নুপুরের কাজটি নিচের কোন ড্রাফটিং এর ক্ষেত্রে প্রযোজ্য?

ক) মূল ড্রাফট　　খ) সমতল ড্রাফট
গ) প্যাটার্ন ড্রাফট　　ঘ) ডিজাইন ড্রাফট

২২. ডিগামিং করলে কী হয়?

ক) সহজে বস্ত্র রং বসে
খ) সহজে নকশা করা যায়
গ) সহজে কাজ করা যায়
ঘ) সহজে মোম দেওয়া যায়

২৩. ডিজাইন কীভাবে ফিরে আসে?

ক) পরিবর্তিত হয়ে　　খ) একই রকম হয়ে
গ) সামঞ্জস্য পূর্ণ হয়ে　　ঘ) সীমাবদ্ধ হয়ে

২৪. রুবেল পটুয়াখালীতে থাকে। অত্র এলাকায় কোন নৃগোষ্ঠী বাস করে?

ক) সাঁওতাল　　খ) চাকমা
গ) রাখাইন　　ঘ) মনিপুরি

২৫. বাংলাদেশের কোন শহরকে সিল্ক সিটি বলা হয়?

ক) সিলেট
খ) রাজশাহী
গ) বরিশাল

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ঘ |
| ১৪ | খ | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | | |

https://teachingbd24.com